



# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)  
ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২  
ওয়েব সাইট: [www.dcc.edu.bd](http://www.dcc.edu.bd)

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৬/০৫/২০১৯


## অফিস বিজ্ঞপ্তি


ঢাকা কমার্স কলেজের অনার্স ১ম বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ, ৪র্থ বর্ষ ও মাস্টার্স শেষ বর্ষে (শিক্ষাবর্ষ যথাক্রমে অনার্স ২০১৮-২০১৯, ২০১৭-২০১৮, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬ এবং মাস্টার্স ২০১৭-২০১৮) অধ্যয়নরত মেধাবী ও আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের নিকট হতে বিনা বেতনে/অর্ধবেতনে অধ্যয়নের সুযোগপ্রাপ্তির লক্ষ্যে কলেজের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বিশেষ কোটা থাকবে। শিক্ষার্থী কল্যাণ তহবিল হতে এ সুযোগ দানের ক্ষেত্রে যেসকল বিষয় বিবেচনা করা হবে তা হলো-

- ক) ক্লাসে উপস্থিতি;
- খ) শিক্ষা বোর্ড ও জাতীয় বিশ্ববিদ্যালয় পরীক্ষার ফলাফল;
- গ) কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল;
- ঘ) কলেজের নিয়ম-শৃঙ্খলার প্রতি আনুগত্য প্রভৃতি।

আবেদন ফরম কলেজ অফিস হতে ১৫/০৫/২০১৯ তারিখ থেকে সংগ্রহ করে, আগামী ২৫/০৫/২০১৯ তারিখের মধ্যে ফরমে উল্লিখিত কাগজপত্রসহ কলেজের অফিসে জমা দিতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে এবং সাক্ষাৎকারের সময় মূল সনদ দেখাতে হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারে উপস্থিত না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। অসম্পূর্ণ আবেদন কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। ইতোপূর্বে যারা এই সুবিধা ভোগ করেছে, তাদেরকেও যথারীতি আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো দরখাস্ত জমা নেওয়া হবে না।

সাক্ষাৎকারের তারিখ	শ্রেণি	সাক্ষাৎকারের সময়	সাক্ষাৎকারের স্থান
২৭/০৫/২০১৯ সোমবার	অনার্স ১ম বর্ষ, ২য় বর্ষ	সকাল ৯:০০টা থেকে	কক্ষ নম্বর ৪০৪ (৫ম তলা)
২৮/০৫/২০১৯ মঙ্গলবার	অনার্স ৩য় বর্ষ, ৪র্থ বর্ষ ও মাস্টার্স শেষ পর্ব	সকাল ৯:০০টা থেকে	অ্যাকাডেমিক ভবন-১

  
১৩.০৫.২০১৯  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
ঢাকা কমার্স কলেজ

  
আহবায়ক ১৩/০৫/১৯  
শিক্ষার্থী কল্যাণ কমিটি